মুজিবনগর থানায় জনসেবা বাড়াতে চালু হলো সার্ভিস ডেলিভারি সেন্টার

এখন থেকে কোন ধরনের জিডি বা অভিযোগ লেখার জন্য সাধারন জনগনকে কোন কম্পিউটারের দোকানে যেতে হবে না। এখন থেকেই এ সকল ধরনের সার্ভিস দেবে থানা।

পুলিশ থানাগুলোকে আরো জনমুখি করার লক্ষ্যে ও সেবার মান বৃদ্ধিসহ সাধারণ জনগনের ভোগান্তি কমাতে চালু করা হলো সার্ভিস ডেলিভারি সেন্টার।

সকল সাধারনণ জনগন এখন থেকে সরাসরি থানায় এসে সকল ধরনের অনলাইন জিডি সহ সকল ধরনের অভিযোগ লিখতে পারবে। আর এ সকল সেবা নিতে এসে দিতে হবে না কোন প্রকার টাকা। একদম ফ্রি ভাবেই সকল সেবা নিতে পারবে এখান থেকে।

গতকাল মঙ্গলবার সন্ধ্যায় মুজিবনগর থানায় সার্ভিস ডেলিভারি সেন্টারের উদ্বোধনকালে এ সকল কথা বলেন, পুলিশ সুপার মাকসুদা খানম।

এ সময় জনগণের মাঝে নতুন সেবা সাধারন জনগণের মাঝে পৌছিয়ে দেবার জন্য সাংবাদিকদের সাথে মত বিনিময় করেন তিনি।

এ সময় অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) জামিনুর রহমান খান, পুলিশ সুপার সার্কেল আব্দুল করিম, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স ও সাধারণ সম্পাদক হাসান মুস্তাফিজুর রহমানসহ সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে চুরি হওয়া ট্রাক্টরের ব্যাটারি কুষ্টিয়ায় উদ্ধার, গ্রেফতার ১

মেহেরপুরের মুজিবনগরে পুরন্দরপুর গ্রামে মেসার্স ডালিম ব্রিক্স ইটভাটায় চুরি হওয়া ২টি ট্রাক্টরের ব্যাটারি কুষ্টিয়ায় অভিযান চালিয়ে উদ্ধার করেছে পুলিশ।

এ সময় মামলার এজাহারনামীয় এক আসামিকে গ্রেফতার করা হয়।

চুরির ঘটনাটি ঘটে ১৩ আগস্ট রাত ৮টা থেকে ১৪ আগস্ট ভোর ৫টার মধ্যে। এ সময় ইটভাটায় থাকা ২টি ট্রাক্টরের ব্যাটারি চুরি হয়।

এসআই স্বনজীব বিশ্বাসের দিকনির্দেশনা ও তথ্যপ্রযুক্তি ব্যবহার করে আজ মঙ্গলবার রাতে সংগীয় ফোর্সসহ কুষ্টিয়া জেলায় অভিযান চালিয়ে এজাহারনামীয় আসামি পুরন্দরপুর গ্রামের মো. কামাল হোসেনের ছেলে মো. লাল্টু মিয়া ওরফে লালকে (৩০) গ্রেফতার করা হয়।

মুজিবনগরে এনসিপির উঠান বৈঠক

“উঠানে নতুন সংবিধান” এই শ্লোগানকে সামনে রেখে মেহেরপুরের মুজিবনগরে সাধারণ মানুষের সাথে উঠান বৈঠক করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) নেতাকর্মীরা।

রবিবার বিকালে মুজিবনগর কমপ্লেক্স পর্যটন মোটেলে এ উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা এনসিপি কমিটির যুগ্ম প্রধান সমন্বয়ক ও প্রধান সমন্বয়কারী অ্যাডভোকেট শাকিল আহম্মেদের সভাপতিত্বে উঠান বৈঠকে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় নাগরিক পার্টির যুগ্ম আহ্বায়ক সারোয়ার তুষার এবং জাতীয় নাগরিক পার্টির যুগ্ম প্রধান

সংগঠক (দক্ষিণাঞ্চল) মোল্লা রহমাতুল্লাহ।

জাতীয় নাগরিক পার্টির কেন্দ্রীয় সদস্য সোহেল রানার সার্বিক তত্ত্বাবধানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা কমিটির যুগ্ম সমন্বয়কারী আরিফ খান, মুজিবনগর উপজেলা কমিটির যুগ্ম সমন্বয়কারী আল মামুন সেন্টু এবং উপজেলা কমিটির যুগ্ম সমন্বয়কারী তারিকুল ইসলামসহ জেলা ও উপজেলার এনসিপি নেতৃবৃন্দ।

মেহেরপুরে সাংগঠনিক সফরে আসছেন এনসিপি’র কেন্দ্রীয় নেতৃবৃন্দ

আজ রবিবার সাংগঠনিক সফরে মেহেরপুর আসছেন ন্যাশনালিস্ট কনভেনশন পার্টি (এনসিপি)’র কেন্দ্রীয় যুগ্ম আহ্বায়ক জনাব সরোয়ার তুষার ও কেন্দ্রীয় মুখ্য সংগঠক (দক্ষিণাঞ্চল) জনাব মোল্যা রহামাতুল্লাহ। সফরকালে তাদের সঙ্গে থাকবেন কেন্দ্রীয় যুগ্ম মুখ্য সমন্বয়ক ও জেলা প্রধান সমন্বয়কারী অ্যাডভোকেট সাকিল আহমেদ এবং কেন্দ্রীয় সদস্য ও মেহেরপুরের অঞ্চল তত্ত্বাবধায়ক জনাব সোহেল রানা।

সফরসূচি অনুযায়ী, আজ রবিবার সকাল ১১টায় মেহেরপুর জেলা পরিষদ অডিটোরিয়ামে জেলা ও উপজেলা সমন্বয় কমিটির সদস্যদের নিয়ে সাংগঠনিক সভা ও রাজনৈতিক কর্মশালা অনুষ্ঠিত হবে। এ কর্মশালায় স্থানীয় নেতৃত্বকে সাংগঠনিক কর্মকৌশল ও রাজনৈতিক কার্যক্রমে অংশগ্রহণের বিষয়ে দিকনির্দেশনা প্রদান করা হবে। পরে বিকেল ৪টায় ঐতিহাসিক মুজিবনগর পর্যটন হোটেলে উঠান বৈঠক অনুষ্ঠিত হবে।

দলীয় সূত্র জানা গেছে, এ সফরের মূল লক্ষ্য হচ্ছে জেলা ও উপজেলা পর্যায়ের সাংগঠনিক কাঠামোকে শক্তিশালী করা, কর্মীদের মধ্যে পারস্পরিক সমন্বয় বৃদ্ধি করা এবং আসন্ন রাজনৈতিক কর্মসূচি সফল করার জন্য মাঠ পর্যায়ের নেতাকর্মীদের উদ্বুদ্ধ করা। এছাড়া স্থানীয় সমস্যাবলী ও দলীয় কার্যক্রমে উদ্ভূত সংকট নিরসনেও আলোচনা হবে বলে জানা গেছে।

নেতারা মনে করছেন, এই সফরের মাধ্যমে এনসিপি মেহেরপুরে নতুন

উদ্দীপনা সৃষ্টি করবে এবং জেলার তৃণমূল পর্যায়ে দলকে আরও সুসংগঠিত করার সুযোগ তৈরি হবে। জেলা ও উপজেলা পর্যায়ের নেতাকর্মীরা কেন্দ্রীয় নেতৃত্বের এ সফরকে ঘিরে ইতোমধ্যেই ব্যাপক প্রস্তুতি গ্রহণ করেছেন।

সরকারের ‘ট্যুরিজম মিডিয়া ফেলোশিপ’ পেলেন মেহেরপুরের মাসুদ রুমী

সাংবাদিকতায় এক অনন্য স্বীকৃতি পেলেন কালের কণ্ঠের চিফ বিজনেস এডিটর মো. মাসুদ রুমী। এভিয়েশন ও পর্যটন খাতের সমস্যা, সম্ভাবনা ও নীতিগত উন্নয়ন নিয়ে ধারাবাহিক তিন পর্বের বিশেষ প্রতিবেদন করার জন্য তিনি পেয়েছেন ‘ট্যুরিজম মিডিয়া ফেলোশিপ সম্মাননা-২০২৫’।

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সংস্থা বাংলাদেশ ট্যুরিজম বোর্ড (বিটিবি) ২০১৩ সালে এই ফেলোশিপ চালু করে। এবার মোট ১০ জন প্রিন্ট, ইলেকট্রনিক ও অনলাইন মিডিয়ার সাংবাদিক এ সম্মাননা অর্জন করেন। উলেখযোগ্য বিষয় হলো, মাসুদ রুমীর জন্য এটি তৃতীয়বারের মতো সরকারি এই ফেলোশিপ প্রাপ্তি।

আজ সোমবার রাজধানীর আগারগাঁওয়ে বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের সভাকক্ষে আয়োজিত অনুষ্ঠানে ফেলোশিপ প্রাপকদের হাতে অর্থ চেক ও সনদ তুলে দেন বিটিবি’র পরিচালক ও যুগ্ম সচিব সালেহা বিনতে সিরাজ।

এ সময় উপস্থিত ছিলেন, বোর্ডের ঊর্ধ্বতন কর্মকর্তারা এবং এভিয়েশন অ্যান্ড ট্যুরিজম জার্নালিস্টস ফোরাম অব বাংলাদেশ (এটিজেএফবি)- এর সভাপতি তানজিম আনোয়ার ও সাধারণ সম্পাদক বাতেন বিপ্লবসহ অন্যরা।

অনুষ্ঠানে বক্তারা বলেন, দেশের এভিয়েশন ও পর্যটন খাতকে এগিয়ে নিতে সাংবাদিকদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ফেলোশিপ প্রাপ্ত সাংবাদিকরা ইতিমধ্যেই ৩০টি অনুসন্ধানী প্রতিবেদনে এসব বিষয় তুলে

ধরে জাতীয় আলোচনায় এনেছেন।

সাংবাদিকতায় পথচলা: মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার সন্তান মাসুদ রুমী সাংবাদিকতায় ২৬ বছরের অভিজ্ঞতা রয়েছে। ব্যবসা, অর্থনীতি, বেসরকারি খাত, তথ্যপ্রযুক্তি, টেলিকম, পর্যটন ও উন্নয়ন সাংবাদিকতায় তিনি বিশেষ দক্ষতার পরিচয় দিয়েছেন।

২০০৯ সালের ১ জুলাই কালের কণ্ঠের সূচনালগ্ন থেকে দীর্ঘ ১৬ বছর তিনি এ পত্রিকায় বিজনেস এডিটর, চিফ বিজনেস এডিটর হিসেবে দায়িত্ব পালন করছেন। এর আগে তিনি শফিক রেহমান সম্পাদিত দৈনিক যায়যায়দিন-এর প্রতিষ্ঠালগ্ন থেকে ২০০৯ সাল পর্যন্ত যুক্ত ছিলেন। এছাড়া দৈনিক নতুন ধারা ও দৈনিক আমাদের সময়ের প্রতিষ্ঠালগ্নে যুক্ত ছিলেন। এছাড়া তিনি কাজ করেছেন সাপ্তাহিক ২০০০, সায়েন্স ওয়ার্ল্ড, শিক্ষা সংবাদসহ নানা গণমাধ্যমে। টেলিভিশনে শফিক রেহমানের জনপ্রিয় আর্ট শো ‘লাল গোলাপ’-এ ও তিনি কাজ করেছেন।

আন্তর্জাতিক স্বীকৃতি: সাংবাদিকতার পেশাদারিত্বের স্বীকৃতি হিসেবে মাসুদ রুমী পেয়েছেন একাধিক দেশীয় ও আন্তর্জাতিক সম্মাননা। যুক্তরাষ্ট্রের সিএমও কাউন্সিল কর্তৃক ব্র্যান্ড লিডারশিপ অ্যাওয়ার্ড (২০১২) এবং কোভিড-১৯ মহামারির সময়ে সম্মুখসারির সাংবাদিক হিসেবে ‘অ্যামচেম ফ্রন্টলাইন জার্নালিজম অ্যাওয়ার্ড ২০২০’ তার মধ্যে উলেখযোগ্য। বাংলাদেশ ট্যুরিজম বোর্ড থেকেও তিনি এর আগে দুবার ফেলোশিপ পেয়েছেন।

মাসুদ রুমী রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে বিএসএস (সম্মান) ও প্রথম শ্রেণিতে এমএসএস ডিগ্রি অর্জন করেছেন। সাংবাদিকতা জীবনে তিনি দেশ-বিদেশে বিভিন্ন প্রশিক্ষণ ও কর্মশালায় অংশ নিয়েছেন। বর্তমানে তিনি দেশের বিভিন্ন সাংবাদিক সংগঠনের নেতৃত্বে রয়েছেন। তার সহকর্মীরা বলেন, সংবাদকে গভীরভাবে দেখা, বিশ্লেষণ করা এবং একইসঙ্গে সহজ ভাষায় উপস্থাপন করাই তার শক্তি।

মুজিবনগরে কৃষকদের মাঝে পেঁয়াজের বীজ ও সার বিতরণ কার্যক্রমের উদ্বোধন

মেহেরপুরের মুজিবনগরে ২০২৪-২৫ অর্থবছরের গ্রীষ্মকালীন পেঁয়াজ ফসলের প্রণোদনা/পুনর্বাসন কর্মসূচির আওতায় কৃষকদের মাঝে বীজ ও সার বিতরণ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।

রোববার সকালে উপজেলা পরিষদ চত্বরে এ কার্যক্রমের উদ্বোধন করেন মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) পলাশ মণ্ডল।

উপজেলা কৃষি অফিস সূত্রে জানা গেছে, মুজিবনগর উপজেলায় মোট ৩ হাজার কৃষককে এই সুবিধা দেওয়া হবে। প্রতিজন কৃষককে ১ কেজি পেঁয়াজের বীজ, ২০ কেজি এমওপি সার, ২০ কেজি ডিএপি সার এবং বালাইনাশক বাবদ ৩৫৫ টাকা করে প্রদান করা হচ্ছে।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মুজিবনগর এর আয়োজনে অনুষ্ঠানে উপজেলা কৃষি কর্মকর্তা (ভারপ্রাপ্ত) রফিকুল ইসলাম, মজনুর প্রেসক্লাবের সভাপতি এবং উপসহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা মিজানুর রহমান উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে বক্তারা বলেন, সরকারের কৃষি প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নের মাধ্যমে কৃষকরা লাভবান হবেন এবং স্থানীয়ভাবে পেঁয়াজ উৎপাদন বৃদ্ধি পাবে। এতে একদিকে কৃষকরা অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হবেন, অন্যদিকে দেশের আমদানি নির্ভরতা কমবে।

মুজিবনগরে গ্রাম ডাক্তার কার্যনির্বাহী কমিটির আলোচনা

সভা

মেহেরপুরের মুজিবনগরে আর.এম.পি ওয়েলফেয়ার সোসাইটি (গ্রাম ডাক্তার) মুজিবনগর শাখার কার্যনির্বাহী কমিটির আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বেলা সাড়ে ১১টার সময় কুদরত-ই-খোদা ক্লিনিক ও ল্যাবের আয়োজনে, উপজেলার গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের হল রুমে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় গ্রাম ডাক্তার শামিম শিশিরের সঞ্চালনায় এবং আর.এম.পি ওয়েলফেয়ার সোসাইটির মুজিবনগর উপজেলা শাখার সভাপতি গ্রাম ডাক্তার সাফায়েত হোসেনের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আর.এম.পি ওয়েলফেয়ার সোসাইটির মেহেরপুর জেলা শাখার সভাপতি গ্রাম ডাক্তার আব্বাস উদ্দীন।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন আর.এম.পি ওয়েলফেয়ার সোসাইটির মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক গ্রাম ডাক্তার জিয়াউর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আর.এম.পি ওয়েলফেয়ার সোসাইটির মেহেরপুর জেলা শাখার সিনিয়র সহ-সভাপতি গ্রাম ডাক্তার জালাল উদ্দীন,আর.এম.পি ওয়েলফেয়ার সোসাইটির জেলা শাখার সাংগঠনিক সম্পাদক গ্রাম ডাক্তার আসমাউল হক বিল্টু, জনসেবা ডেন্টাল কেয়ারের স্বত্বাধিকারী ডা. আব্দুস সামাদ, আর.এম.পি ওয়েলফেয়ার সোসাইটির মুজিবনগর শাখার উপদেষ্টা ও কুদরত-ই-খোদা ক্লিনিক ও ল্যাবের স্বত্বাধিকারী কামরুল হাসান চান্দু।

সভায় আলোচনায় উঠে আসে গ্রাম ডাক্তারদের সংগঠিত থেকে সাধারণ জনগণের সেবায় উল্লেখযোগ্য ভূমিকা রাখা, তৃণমূল জনগোষ্ঠীকে সর্বোচ্চ সেবা প্রদান, গ্রাম, সমাজ, দেশ ও জাতির সেবায় এবং দেশ গঠনে ভূমিকা রাখা, কমিটিকে কার্যকর করা, প্রত্যেক গ্রাম ডাক্তারকে কমিটিতে অন্তর্ভুক্ত করা এবং সরকারি আইন মেনে চিকিৎসা সেবা প্রদানসহ নানা বিষয়।

এ সময় আরও উপস্থিত ছিলেন ও বক্তব্য রাখেন আর.এম.পি ওয়েলফেয়ার সোসাইটির মুজিবনগর উপজেলা শাখার সাধারণ সম্পাদক গ্রাম ডাক্তার হুমায়ুন কবির, সিনিয়র সহ-সভাপতি গ্রাম ডাক্তার শফিকুল ইসলাম, সহ-সভাপতি গ্রাম ডাক্তার আরোজ আলী, সহ-সভাপতি গ্রাম ডাক্তার সুরুজ

খান, স্বাস্থ্য ও চিকিৎসা বিষয়ক সম্পাদক গ্রাম ডাক্তার আশরাফুল ইসলামসহ আর.এম.পি ওয়েলফেয়ার সোসাইটির মুজিবনগর উপজেলা শাখার নির্বাহী কমিটির সদস্যবৃন্দ।

মেহেরপুরে অস্ত্রসহ ওয়ারেন্টভুক্ত আসামি ইমান ডাকাত গ্রেপ্তার

মেহেরপুরে সেনাবাহিনীর অভিযানে অস্ত্র ও গুলিসহ ওয়ারেন্টভুক্ত আসামি ইমান আলী ওরফে ইমান ডাকাতকে গ্রেপ্তার করা হয়েছে।

শুক্রবার (১৫ আগস্ট) গভীর রাতে মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রাম থেকে তাকে আটক করা হয়।

গ্রেপ্তারকৃত ইমান আলী শিবপুর গ্রামের মৃত আমির শেখের ছেলে।

সেনা ক্যাম্প সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে সেনাবাহিনীর একটি দল মোনাখালী ইউনিয়নের শিবপুর গ্রামে তার বাড়ি ঘেরাও করে। পরে তল্লাশির সময় তার কাছ থেকে মার্কিন তৈরি একটি ৭.৬৫ মি.মি. পিস্তল, একটি ম্যাগাজিন ও চার রাউন্ড গুলি উদ্ধার করা হয়।

সেনা সূত্রে আরও জানা যায়, ইমান আলীর বিরুদ্ধে অস্ত্র, মাদক, চোরাচালান, বিস্ফোরক ও নাশকতাসহ মোট ১১টি মামলা রয়েছে। প্রাথমিক জিজ্ঞাসাবাদ শেষে তাকে থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

মুজিবনগরে বেগম খালেদা জিয়ার জন্মবার্ষিকী আলোচনা সভা

মুজিবনগরে বিএনপি’র চেয়ারপার্সন দেশনেত্রী বেগম খালেদা জিয়ার ৮০তম জন্মবার্ষিকীতে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার রাত নয়টার সময় উপজেলার কেদারগঞ্জ বাজারের মোল্লা মার্কেটে অবস্থিত উপজেলা বিএনপি’র কার্যালয়ে এই আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

আলোচনা সভা ও দোয়া মাহফিলে জেলা বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক ও বর্তমান জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য আব্দুর রশিদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিএনপি’র কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য মেহেরপুর জেলা বিএনপি’র সাবেক সভাপতি মেহেরপুর ১ আসনের সাবেক সংসদ সদস্য বর্তমান জেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য মাসুদ অরুন।

আলোচনা ও দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন, মোনাখালী ইউনিয়ন বিএনপি’র সাবেক সহ-সভাপতি মজনু মিয়া, জেলা স্বেচ্ছাসেবক দলের সাবেক সহ-সভাপতি আজিম উদ্দিন গাজী, উপজেলা কৃষকদলের সিনিয়র সহ সভাপতি ও সাবেক মেম্বার রমজান আলী, উপজেলা কৃষকদলের সভাপতি আরমান আলি, সাধারণ সম্পাদক কুন্নুত আলী, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজিরসহ উপজেলা বিএনপি’র নেতাকর্মীবৃন্দ।

মুজিবনগর সীমান্তে ৫১ হাজার মার্কিন ডলারসহ চোরাকারবারী আটক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার আনন্দরবাস সীমান্তে অভিযান চালিয়ে ৫১ হাজার মার্কিন ডলার ও একটি বাইসাইকেলসহ জাহাঙ্গীর শেখ (৪০)

নামের এক চোরাকারবারীকে আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।

গতকাল শুক্রবার দুপুরে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন-৬ বিজিবি’র একটি বিশেষ দল এ অভিযান পরিচালনা করে ডলার সহ চোরাকারবারীকে আটক করে। আটক জাহাঙ্গীর শেখ মুজিবনগরের আনন্দবাস গ্রামের বাসিন্দা।

বিজিবি সূত্রে জানা গেছে, ব্যাটালিয়নের অধিনায়ক লে. কর্নেল মোঃ নাজমুল হাসান গোপন সংবাদে জানতে পারেন, ভারত থেকে অবৈধভাবে ডলার পাচার হবে। পরে তার নির্দেশে সহকারী পরিচালক মোঃ হায়দার আলীর নেতৃত্বে বিজিবি সদস্যরা সীমান্তের ২০০ গজ ভেতরে ফাঁসিতলা মাঠ নামক স্থানে অবস্থান নেন। এ সময় সন্দেহভাজন এক ব্যক্তিকে দেখতে পেয়ে বিজিবি সদস্যরা ধাওয়া করে তাকে আটক করেন।

পরে তাকে তল্লাশি করে তার কাছে থাকা ৫টি প্যাকেটে মোট ৫১ হাজার মার্কিন ডলার, একটি বাইসাইকেল এবং একটি বাটন মোবাইল ফোন উদ্ধার করা হয়। উদ্ধারকৃত ডলারের আনুমানিক মূল্য প্রায় ৬২ লাখ ১ হাজার ৫৪০ টাকা বলে জানিয়েছে বিজিবি।

বিজিবি আরও জানায়, প্রাথমিক জিজ্ঞাসাবাদে জাহাঙ্গীর শেখ দীর্ঘদিন ধরে চোরাকারবারের সঙ্গে জড়িত থাকার কথা স্বীকার করেছে। উদ্ধারকৃত ডলার মেহেরপুর ট্রেজারি অফিসে জমা ও আটককৃত আসামিকে মুজিবনগর থানায় হস্তান্তরের প্রক্রিয়া চলছে।